দৈনিক ইত্তেফাক ৪৮
তারিখ 07 OCT 1995
পৃষ্ঠা 2 কলাম 9

## বিএড প্রোগ্রামের পাঠসামগ্রী

আমরা বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের বিএড প্রোগ্রামের খুলনা কেন্দ্রের শিক্ষার্থী। বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের সংবাদ অনুযায়ী আমরা গত ১৮/৮/৯৫ তারিখ খুলনা কেন্দ্রে পাঠসামগ্রী সংগ্রহের জন্য উপস্থিত হই। কিন্তু সেদিন বিকাল ৩টা পর্যন্ত পাঠসামগ্রী খুলনা টি, টি কলেজে পেঁৗছে নাই। ফলে পরবর্তী শুক্রবার (২৫/৮/৯৫ তারিখে) আবার ৩/৪ শত টাকা খরচ করিয়া আমাদের যাইতে হয় পাঠসামগ্রী আনিতে। কর্তৃপক্ষ যথাসময়ে পাঠসামগ্রী সরবরাহ করিলে আমাদের এই ভোগান্তি হইত না। শিক্ষার্থী নির্দেশিকায় উল্লেখ আছে, পরবর্তী সিমেষ্টারসমূহের পাঠসামগ্রী জুন ও ডিসেম্বর টার্মের পরীক্ষার সময় প্রতিটি কেন্দ্র হইতে সরবরাহ করা হইবে। জুন টার্মের পরীক্ষায় অংশগ্রহণ করিতে হইলে ৩১শে জানুয়ারী এবং ডিসেম্বর টার্মের পরীক্ষায় অংশগ্রহণ করিতে হইলে ৩১শে জুলাই-এর মধ্যে পাঠসামগ্রী সংগ্রহ করিতে হইবে। এই সময়সীমার বাহিরে অন্য কোন সময় পাঠসামগ্রী প্রদান করা হইবে না। অথচ কর্তৃপক্ষ নিজেদের প্রবর্তিত নিয়ম নিজেরাই রক্ষা করিতে পারিলেন না।

বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের নিকট অনুরোধ, আপনারা দেশের গরীব শিক্ষার্থীদের কথা মনে করিয়া পরবর্তী পরীক্ষার সময় পাঠসামগ্রী প্রদান করার ব্যবস্থা নিন। তাহাতে আমরা গরীব শিক্ষার্থিগণ সামান্য হইলেও উপকৃত হইব।

—গৌতম চন্দ্র বালা, সহকারী শিক্ষক, চন্দ্রহার মা/বি, গৌরনদী, বরিশাল।